



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৮.২০২০/৩৩৭/১০

তারিখ : ৭/০৩/২০২১ খ্রি.

বিষয় : রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়ে প্রভাষক(ভূগোল) পদে বিধি বর্হিভূতভাবে শিক্ষক নিয়োগের অভিযোগ তদন্তকরণ।

সূত্র : জনাব মো: রেজাউল করিম, প্রভাষক(ভূগোল) এর অভিযোগ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়ের প্রভাষক(ভূগোল) জনাব মো: রেজাউল করিম অভিযোগ করেন যে, তিনি গত ১৩/০৩/২০০৫ তারিখে অনুষ্ঠিত নিয়োগ নির্বাচনী বোর্ডের সর্বসম্মত সুপারিশ অনুযায়ী গত ১৫/০৩/২০০৫ তারিখে যোগদান করেন। তিনি নিয়মিত যোগদান করে চাকুরি করেন। পরবর্তীতে তিনি পারিবারিক কারণে কিছুদিন কলেজে উপস্থিত হতে পারেননি। কিন্তু কলেজে অনুপস্থিত থাকার বিষয়ে কলেজ কর্তৃপক্ষ ৩ বার শোকজ করা হয় এবং যথারীতি শোকজের জবাব দেয়া হলেও বিষয়টি নিষ্পত্তি না করে উক্ত পদে অন্য শিক্ষক নিয়োগ দেয়া হয় এবং কলেজ কর্তৃপক্ষ বিধি বর্হিভূতভাবে নিয়োগকৃত শিক্ষকের এম.পি.ও ভুক্ত করার আবেদন করেন। উক্ত বিষয়টি তদন্ত করার জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা আঞ্চলিক কার্যালয়, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাইপূর্বক অভিযোগের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিধি মোতাবেক টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

স্বাক্ষর ৭.৩.২১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭



পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
মিরপুর, ঢাকা।

বিতরণ :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী;
- (২) সভাপতি, গভর্নিং বডি, মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়, বাঘা, রাজশাহী;
- (৩) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
- (৪) অধ্যক্ষ, মনিগ্রাম আদর্শ মহাবিদ্যালয়, বাঘা, রাজশাহী;
(তদন্ত কর্মকর্তাকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
- (৫) সংরক্ষণ নথি।